

গাজীপুরে পরীক্ষা কেন্দ্রে বাতিলের দাবিতে মহাসড়ক অবরোধ

■ গাজীপুর প্রতিনিধি

গাজীপুরে ভাওয়াল মির্জাপুর ডিগ্রি কলেজ পরীক্ষা কেন্দ্রে বাতিলের দাবিতে স্থানীয় রোডার পল্লী কলেজের ছাত্র-ছাত্রীরা সোমবার সকালে মাস্টারবাড়ি এলাকায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে। খবর পেয়ে পুলিশ তাদের রাস্তা থেকে সরিয়ে দেয়।

স্থানীয় সূত্রে জানা গেছে, গত রবিবার 'ওই' কেন্দ্রে এইচএসসির রসায়ন ও ইসলামের ইতিহাস বিষয়ের দ্বিতীয় পত্র পরীক্ষা ছিল। 'খ' সেট প্রশ্ন দিয়ে পরীক্ষা গ্রহণের কথা থাকলেও ভাওয়াল মির্জাপুর ডিগ্রি কলেজ পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা নেওয়া হয় 'ক' সেট দিয়ে। এরই প্রতিবাদে শিক্ষার্থীরা বিক্ষুব্ধ হয়ে মহাসড়ক অবরোধ করে।